# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 DECEMBER 2025 7:45—7:55 PM**

---

১) ২ হাজার ৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দায়িত্ব দেশের নব প্রজন্মের ওপর নির্ভর করছে বলে রাজ্যপাল লক্ষণ প্রসাদ অচার্যের মন্তব্য ।

২) পি এম আবাস যোজনা গ্রামীনের অধীন ৩ লক্ষের অধিক হিতাধিকারীকে রাজ্যে আবাস গৃহ নির্মানের অনুমোদনপত্র বিতরণ । বরাক উপত্যকার তিন জেলাতেও এই প্রকল্পের অধীনে অনুরূপ অনুমোদন পত্র বিতরণ ।

৩) ইন্ডিগো বিমান বাতিলের ঘটনা পর্যবেক্ষণ করার উদ্দেশ্যে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রণালয়ের উপ-সঞ্চালক বিজয় প্রতাপ সিং-এর গৌহাটিতে সাংবাদিক সম্মেলন ।

৪) কেন্দ্রীয় সরকারের ত্রিপুরার ৩০টি বিশেষ প্রান্তিক জনজাতীয় গোষ্ঠীর বসতিঅঞ্চল গুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা তরান্বিত করার লক্ষ্য রাজ্যের ২৫টি সড়ক প্রকল্পের জন্য ৬৯ কোটি টাকা মঞ্জুর ।

এবং

৫) রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থর শিলচর রেল ষ্টেশনের নাম ভাষা শহিদ ষ্টেশন করার দাবী উত্থাপন ।

---

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য ২ হাজার ৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার দায়িত্ব দেশের নব প্রজন্মের ওপর নির্ভর করছে বলে মন্তব্য করেছেন । আজ কটন বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে অংশ গ্রহন করে রাজ্যপাল ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে ভাষণ দেবার সময় এই মন্তব্য করেন । এই সমাবর্তন অনুষ্ঠানে ২ হাজার ৮শো ৪ জনকে পি এইচ ডি , স্নাতক , স্নাতকোত্তর এবং

ডিপ্লোমার প্রমাণপত্র প্রদান করা হয় । এছাড়াও শৈক্ষিক উৎকর্ষতার জন্য ১শো ২৫ জনকে স্বর্ণ পদক প্রদান করা হয় । উল্লেখ্য যে আজকের এই সমাবর্তনে জনতার শিল্পী জুবিন গার্গকে মরণোত্তর ডি-লিট উপাধি প্রদান করা হয় ।

অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে ১৯শো ৮৫ সালে আসাম আন্দোলন আসাম চুক্তি সাক্ষরিত হয়েছিল । এর পর রাজ্যবাসী যদিও আসামকে নিয়ে ইতিবাচক মনোভাব গ্রহণ করেছিলেন কিন্তু বিভিন্ন উগ্রপন্থী সমস্যা তথা গুপ্তহত্যার মত ঘটনা সমূহ সামাজিক পরিস্থিতি দূর্বল করে তুলেছিল । তবে বর্তমানে এই ধরণের পরিস্থিতি অতিক্রম করে রাজ্যের নতুন উন্নয়নের পথ প্রসস্থ হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । রাজ্যে বর্তমানে ২৫টির বেশী বিশ্ববিদ্যালয় , ১৫টির অধিক চিকিৎসা মহাবিদ্যালয় , ২০টির বেশী ইঞ্জিনিয়ারিং কলেজ তথা অন্যান্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা প্রয়োজনীয় সব ধরণের সুযোগ সুবিধা লাভ করছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা বলেন যে রাজ্যে শিল্পায়নের নতুন পরিবেশ সৃষ্টি হয়েছে ।কোন ধরণের দূর্নীতি ছাড়াই যোগ্য প্রার্থীরা চাকরি লাভ করছে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । সাংস্কৃতিক , ক্রীড়া ইত্যাদি সব ক্ষেত্রে নতুন প্রয়াসের মাধ্যমে আসাম বর্তমানে দেশের মধ্যে শক্তিশালী রাজ্যে পরিণত হয়েছে বলেই মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অধীন ২০২৫-২৬ সালের জন্য ৩ লক্ষের অধিক হিতাধিকারিকে এই যোজনার অনুমোদন পত্রের রাজ্য পর্যয়ের কেন্দ্রীয় আনুষ্ঠানিক বিতরণ কার্যসূচির উদ্বোধন করেন । কামরূপ জেলার বকো গান্ধী ময়দান সমন্বয় ক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে আজ এই কার্যসূচির উদ্বোধন করা হয় । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে এই প্রকল্পের অধীনে সরকার নতুন হিতাধিকারিদের নাম অর্ন্তভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করেছে । পূর্বতন সরকার এই প্রকল্পের অধীনে স্বল্প পরিমানের অর্থ প্রদান করেছিল কিন্তু বর্তমান সরকার এই প্রকল্পের অধীনে দেড় লক্ষ করে টাকার অনুদান প্রদান করেছে । সরকার রাজ্যের দরিদ্র , মধ্যবিত্ত  ইত্যাদী শ্রেণীর জন্য কাজ অব্যাহত রেখেছে বলে ডক্টর শর্মা প্রকাশ করেন । বর্তমানে যোগ্য লোকেরাই সরকারী প্রকল্পের মাধ্যমে লাভবান হওয়ার সুযোগ পাচ্ছেন বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে বিগত সরকারের আমলে শুধুমাত্র , নেতা এবং আত্মীয় স্বজনের মধ্যেই এই প্রকল্পের সুবিধা আবদ্ধ ছিল ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনার গৃহের অনুমোদন পত্র বিতরন কার্যসূচী জেলার বিধানসভা ভিত্তিক প্রতিটি উন্নয়ন খন্ডে অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই লক্ষীপুরে , বিধায়ক মিহির কান্তি সোম উধারবন্দে, বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ কাটিগড়ায় , বিধায়ক দীপায়ন চক্রবর্তী শিলচরে , বিধায়ক মিসবাহুল ইসলাম লস্কর ও বিজেপির জেলা সভাপতি রূপম সাহা বড়খলায় , বিধায়ক নীহার রঞ্জন দাস ধলাই-তে এবং সাহারুল আলম সোনাই-তে অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাইলাকান্দির রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে **উন্নত আবাস সমৃদ্ধ জীবন** শীর্ষক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাস যোজনা কার্যসূচীর অধীনে হাইলাকান্দি এবং আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে অনুমোদন পত্র প্রদান করা হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত সভায় তিন বিধায়ক জাকির হোসেন লস্কর , নিজাম উদ্দিন চৌধুরী ও সুজাম উদ্দিন লস্কর , জেলা পরিষদ সভানেত্রী ফাতেমা বেগম চৌধুরী , রাজ্য বিজেপির সহ-সভানেত্রী মুন স্বর্নকার প্রমুখ উপস্থিত ছিলেন। এরমধ্যে হাইলাকান্দি জেলায় ২২ হাজার ৯শ ৪৪টি পরিবারকে গৃহের অনুমোদন পত্র দেওয়া হয়েছে ।

এ বিষয়ে এক হিতাধিকারী আমাদের প্রতিনিধির সঙ্গে কথা বলতে গিয়ে জানান -----

#বাইট#

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের পূর্ত, মৎস্য, পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শ্রীভূমি জেলার প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণের অধীনে গৃহের অনুমোদন পত্র বিতরণ অনুষ্ঠানের সূচনা করেছেন । পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের বাজারিছড়ার রামকৃষ্ণ সেবাশ্রমে আয়োজিত অনুষ্ঠানে জেলার চার হাজার দুশ ২৬ জন হিতাধিকারীর মধ্যে ঘরের অনুমোদন পত্র বিতরণ করা হয়েছে । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী পাল বলেন যে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণের মাধ্যমে সমগ্র দেশে গ্রামীণ আবাসন ব্যবস্থাকে পুর্নগঠন করা হচ্ছে । মন্ত্রী শ্রী পাল আরো বলেন যে প্রধানমন্ত্রী আবাস যোজনার লক্ষ্য হচ্ছে গ্রামীন উন্নয়নকে শক্তিশালী করা এবং জনসাধারণের জীবন যাত্রার মান উন্নত করা ।

--------------------------------------------------------------------------------------------

ইন্ডিগো বিমান বাতিল এবং উড়ান-অবতরণের বিলম্ব হওয়ার ঘটনার ক্ষেত্রভিত্তিক পরিস্থিতির খোঁজখবর নিতে কেন্দ্রীয় সরকারের অসামরিক বিমান পরিবহণ মন্ত্রণালয়ের উপ-সঞ্চালক বিজয় প্রতাপ সিং আজ গুয়াহাটির লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে এসে উপস্থিত হন । বিমানের উড়ান-অবতরণের ক্ষেত্রে হওয়া অনিয়মের জন্য যাত্রীদের সম্মুখীন হওয়া দুর্ভোগের খোঁজখবর নিতে শ্রী সিং যাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন । এরপর সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী সিং বলেন যে- কেন্দ্রীয় সরকার এই বিষয়ে যাত্রীদের সুবিধা এবং সুরক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে । তারপরও যাত্রীরা যেসব অসুবিধার সম্মুখীন হচ্ছেন, তা অতি দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করে তিনি ভবিষ্যতে এধরণের ঘটনার পুনরাবৃত্তি না ঘটার ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হবে বলে জানিয়েছেন । উল্লেখ্য- বিমান বাতিলের ফলে ইন্ডিগো বিমান কর্তৃপক্ষ ইতিমধ্যে দেশজুড়ে ৮২৭ কোটি টাকা যাত্রীদের ফিরিয়ে দিয়েছে ।

--------------------------------------------------------------------------------------------

নতুনদিল্লিতে আজ আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু জাতীয় হস্তশিল্প পুরস্কার সমূহ প্রদান করেন । হস্তকলার বিভিন্ন দিকে পারদর্শিতা দেখানোর জন্য এই পুরস্কার দেশের বিভিন্ন রাজ্যের শিল্পীদের প্রদান করা হয় । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে শ্রীমতি মুর্মু ভারতীয় হস্তশিল্প অত্যন্ত সম্বৃদ্ধ বলে মত প্রকাশ করেন । তিনি এই শিল্পসমূহ ভারতের সাংস্কৃতিক বৈচিত্রকে প্রতিফলিত করে বলে উল্লেখ করেছেন । অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যসমূহ থেকে বাছাই করা হস্তশিল্পীদের পুরস্কৃত করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ত্রিপুরার ৩০টি বিশেষ প্রান্তিক জনজাতি গোষ্ঠীর বসতি অঞ্চলগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা ত্বরান্বিত করার লক্ষ্য নিয়ে রাজ্যে ২৫টি সড়ক প্রকল্পের জন্য ৬৯ কোটি টাকা মঞ্জুর করেছে । কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রণালয়ের সূত্র অনুসারে প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযানের সড়ক যোগাযোগ সুবিধার আওতায় এই প্রকল্পসমূহ মঞ্জুর করা হয়েছে । এই পদক্ষেপ সমূহ এইসব অঞ্চলের আর্থ-সামাজিক পরিস্থিতি উন্নত করার পাশাপাশি রাজ্যটির অর্থনৈতিক তথা ব্যবসা বাণিজ্যের গতি ত্বরান্বিত করবে ।

--------------------------------------------------------------------------------------------

সাংসদ কনাদ পুরকায়স্থ আজ রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে শিলচর রেল স্টেশনের নাম পরিবর্তন করে ভাষা শহীদ স্টেশন করার দাবীর সমর্থনে বক্তব্য রাখেন । সাংসদ শ্রী

পুরকায়স্থ বলেন যে শিলচর রেল স্টেশনের নাম পরিবর্তন কয়েক দশকের দাবী । সাংসদ শ্রী পুরকায়স্থ আরো বলেন যে শিলচর রেল স্টেশনের নাম পরিবর্তন করে ভাষা শহীদ স্টেশন করার ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্য সরকারের কোন আপত্তি নেই । এ ক্ষেত্রে কার আপত্তি রয়েছে বলে সাংসদ শ্রীপুরকায়স্থ প্রশ্ন উত্থাপন করেন ।

---